গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
আইএসপিআর
www.ispr.gov.bd
www.mod.gov.bd

স্মারক নং: ২৩.১৬.০০০০.০০২.১১.০০১.২৫

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২
২৮ এপ্রিল ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর নিম্নোক্ত পদে অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে অনলাইনে (http://mod.teletalk.com.bdওয়েবসাইটে) দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০১টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৮০ শব্দ এবং বাংলায় ৫০ শব্দ<br>(ঘ) কম্পিউটার টাইপিং সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ; |
| ২। | কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম অফিস সহকারী (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১টি | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হতে ন্যূনতম উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন এবং<br>(খ) প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ মুদ্রাক্ষর লিখনে সক্ষম হতে হবে। |
| ৩। | ড্রাইভার (গ্রেড-১৬) টাকা ৯৩০০-২২৪৯০/- | ০১টি | অষ্টম শ্রেণী পাশ বৈধ লাইসেন্সসহ হালকা যানবাহন চালনা জানিতে হইবে। অভিজ্ঞতা অগ্রগণ্য। |
| ৪। | অন্ধকার কক্ষ সহকারী (গ্রেড-১৮) টাকা ৮৮০০-২১৩১০/- | ০১টি | অষ্টম শ্রেণী উত্তীর্ণ।<br>ফটোকেমিক্যাল তৈরী ছবি ওয়াশিং, গ্লেজিং, ট্রিমিং ইত্যাদির জ্ঞানসহ ফটো-গ্রাফিক ষ্টুডিওতে কাজের অভিজ্ঞতা এবং অন্ধকার কক্ষের সরঞ্জাম রক্ষণাবেক্ষণের জ্ঞান ও ক্ষমতা। |
| ৫। | অফিস সহায়ক (গ্রেড-২০) টাকা ৮,২৫০-২০,০১০/- | ০২টি | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্ত ও নিয়মাবলী:**

১। সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

২। বর্ণিত পদসমূহে ০১/০৫/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। ক্রমিক নম্বর ১ সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর এ বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী বলতে এরূপ বুঝাবে যিনি আন্ত:বাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এর রাজস্ব খাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরিরত। উল্লেখ্য, বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর option select করতে হবে। চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই নিম্নবর্ণিত সনদসমূহের মূল কপি প্রদর্শন করতে হবে এবং একসেট সত্যায়িত কপি জমা দিতে হবে:

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্যক্ষেত্রে), নাগরিকত্ব, চারিত্রিক সনদ এবং সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবি;

(খ) জাতীয় পরিচয়পত্র, পূরণকৃত Application Form এবং Admit Card;

(গ) মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(ঘ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ; এবং

(ঙ) শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলি:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://mod.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০২৫ সকাল ১০:০০ টা।

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময়: ২০ মে ২০২৫ বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

(iii) পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-৩ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ অফেরতযোগ্য মোট ১১২/- (একশত বার) টাকা, ক্রমিক ৪ হতে ৫ নম্বর পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) পরীক্ষার ফি বাবদ ৫০ (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬ (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

বিস্তারিত: http://mod.teletalk.com.bd অথবা www.mod.gov.bd অথবা www.ispr.gov.bd

আই এস পি আর/বিবিধ | ৯৫৬

মোহাম্মদ রেজা-উল করিম শাম্মী
সহকারী পরিচালক, আইএসপিআর
ও
সদস্য-সচিব
সরাসরি নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/
সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি
আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর